

কর্মচারী প্রশাসন পরিদপ্তর  
বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড  
সদর দপ্তর ভবন, নিকুঞ্জ-২,  
খিলক্ষেত, ঢাকা-১২২৯।

Email:rebdfa@gmail.com

স্মারক নং-২৭.১২.০০০০.০২৫.১২.০৮৬.২১-১১৮


তারিখঃ ২১ অগ্রহায়ণ, ১৪২৮ বঙ্গাব্দ  
১৪ ডিসেম্বর, ২০২১ খ্রিষ্টাব্দ

### গোপনীয় অনুবেদন ফর্ম ২০২১ সংক্রান্ত সার্কুলার।

- ০১। বাপবিবোর্ডের ওয়েবসাইট ([www.reb.gov.bd](http://www.reb.gov.bd))-এ আপলোডকৃত গোপনীয় অনুবেদন ফর্ম [ফর্ম নং-২৯০(ঘ) (সংশোধিত ২০২০)] বাপবিবোর্ডের ৯ম গ্রেড এবং তদুর্ধ্ব গ্রেডের কর্মকর্তাদের জন্য এবং গোপনীয় অনুবেদন ফর্ম [ফর্ম নং-২৯০ (ক)] বাপবিবোর্ডের ১০-২০তম গ্রেডভুক্ত কর্মকর্তা/কর্মচারীদের জন্য ব্যবহৃত হবে।
- ০২। বাপবিবোর্ডের ওয়েবসাইট হতে গোপনীয় অনুবেদন ফর্ম (PDF) A4 সাইজ কাগজে উভয় পৃষ্ঠায় প্রিন্ট করে স্বহস্তে পূরণ করতে হবে। গোপনীয় অনুবেদন ফর্ম পূরণের পূর্বে উক্ত ফর্মসমূহের শেষাংশে উল্লেখিত সাধারণ অনুসরণীয় বিষয়সমূহ এবং অনুবেদনকারী ও প্রতিস্বাক্ষরকারীর জন্য প্রদত্ত নির্দেশাবলী যথাযথভাবে অনুসরণ করতে হবে।
- ০৩। বাপবিবোর্ডের ৯ম এবং তদুর্ধ্ব গ্রেডের কর্মকর্তাদের নির্ধারিত হাসপাতাল হতে স্বাস্থ্য প্রতিবেদন গ্রহণ কোভিড-১৯ মহামারির কারণে ঝুঁকিপূর্ণ বিবেচনায় ২০২১ সনের বার্ষিক/আংশিক গোপনীয় অনুবেদন ফর্ম দাখিলের ক্ষেত্রে স্বাস্থ্য প্রতিবেদন গ্রহণের আবশ্যিকতা হতে অব্যাহতি প্রদান করা হয়েছে বিধায় ২০২১ সালের বার্ষিক/আংশিক গোপনীয় অনুবেদন ফর্মের ১ম অংশে বর্ণিত স্বাস্থ্য পরীক্ষা প্রতিবেদন প্রদানের প্রয়োজন নেই।
- ০৪। প্রতিবছর ৩১ জানুয়ারির মধ্যে অনুবেদনাধীন কর্মচারী পূর্ববর্তী বছরের প্রযোজ্য (বার্ষিক/আংশিক সকল) গোপনীয় অনুবেদন আবশ্যিকভাবে সংশ্লিষ্ট অনুবেদনকারীর নিকট অনুবেদনের জন্য দাখিল করবেন এবং তার ফরওয়ার্ডিং কপি কর্মচারী প্রশাসন পরিদপ্তরে আবশ্যিকভাবে প্রেরণ করবেন।
- ০৫। প্রতিবছর ২৮ ফেব্রুয়ারির মধ্যে অনুবেদনকারী গোপনীয় অনুবেদন ফর্মে তাঁর জন্য নির্ধারিত অংশ যথাযথভাবে অনুস্বাক্ষর করে আবশ্যিকভাবে প্রতিস্বাক্ষরকারীর দপ্তরে প্রেরণ করবেন এবং তার ফরওয়ার্ডিং কপি কর্মচারী প্রশাসন পরিদপ্তরে আবশ্যিকভাবে প্রেরণ করবেন। তবে প্রতিস্বাক্ষর প্রযোজ্য না হলে সেক্ষেত্রে কর্মচারী প্রশাসন পরিদপ্তরে প্রেরণ করবেন।
- ০৬। প্রতিবছর ৩১ মার্চের মধ্যে প্রতিস্বাক্ষরকারী তাঁর জন্য নির্ধারিত অংশ যথাযথভাবে পূরণ ও স্বাক্ষর করে আবশ্যিকভাবে কর্মচারী প্রশাসন পরিদপ্তরে প্রেরণ করবেন।
- ০৭। বার্ষিক/আংশিক গোপনীয় অনুবেদন ফর্ম পূরণের ক্ষেত্রে বাপবিবোর্ডের ওয়েবসাইটে আপলোডকৃত সাধারণ অনুসরণীয় নির্দেশনা এবং বিরূপ মন্তব্যের ক্ষেত্রে অনুসরণীয় নির্দেশনা অনুসরণ করতে হবে।
- ০৮। প্রতিস্বাক্ষরকারীকে প্রদত্ত মূল্যায়ন নম্বর অঙ্কে ও কথায় লিখতে হবে। অন্যথায় অনুবেদনকারী কর্তৃক প্রদত্ত মোট নম্বর বহাল থাকবে। তবে অনুবেদনকারীকেও প্রদত্ত মূল্যায়ন নম্বর অঙ্কে ও কথায় লিখতে হবে।
- ০৯। অনুস্বাক্ষরকৃত সিআর ফর্ম এক দপ্তর হতে অন্য দপ্তরে প্রেরণ করার সময় অবশ্যই সিলগালাযুক্ত খামে 'গোপনীয়' লিখে অগ্রায়নপত্রসহ প্রেরণ করতে হবে। কোনো অবস্থাতেই ভাঁজ করা যাবে না এবং অনুবেদনাধীন কর্মচারীর মাধ্যমে কর্মচারী প্রশাসন পরিদপ্তরে প্রেরণ করা যাবে না।
- ১০। সিআর বিষয়ক কোনো স্পষ্টীকরণ, ব্যাখ্যা বা নির্দেশনার প্রয়োজন হলে কর্মচারী প্রশাসন পরিদপ্তর-এর ফোন নং-৮৯০০৩৫৮ ও সহকারী পরিচালক (প্রশাসন) জনাব মোঃ আবু বকর সিদ্দিক (মোবাইল নং-০১৫২১৪৯৪১৬২)-এর সঙ্গে যোগাযোগ করার জন্য অনুরোধ করা হলো।


১১। নির্ধারিত সময়ের পর দাখিলকৃত গোপনীয় অনুবেদন সরাসরি বাতিল হিসাবে গণ্য হবে এবং বিষয়টি উল্লেখপূর্বক অনুবেদনকারী/ প্রতিস্বাক্ষরকারীকে তা অনুস্বাক্ষর/প্রতিস্বাক্ষরবিহীন অবস্থায় কর্মচারী প্রশাসন পরিদপ্তরে প্রেরণ করতে হবে।

চেয়ারম্যান মহোদয়ের অনুমোদনক্রমে।

  
(মুহাম্মদ খালেদ হোসেন)  
পরিচালক  
কর্মচারী প্রশাসন পরিদপ্তর।

**সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরিত হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

- ০১। নির্বাহী পরিচালক, বাপবিবো, ঢাকা।
- ০২। প্রধান প্রকৌশলী (প্রকল্প/পওপ), বাপবিবো, ঢাকা।
- ০৩। নিয়ন্ত্রক (অর্থ ও হিসাব), বাপবিবো, ঢাকা।
- ০৪। প্রকল্প পরিচালক, 1.5 Million Consumer Connection through Rural Electrification Expansion/শতভাগ পল্লী বিদ্যুতায়নের জন্য বিতরণ নেটওয়ার্ক সম্প্রসারণ (ঢাকা, ময়মনসিংহ, চট্টগ্রাম ও সিলেট বিভাগ)/শতভাগ পল্লী বিদ্যুতায়নের জন্য বিতরণ নেটওয়ার্ক সম্প্রসারণ (রাজশাহী, রংপুর, খুলনা ও বরিশাল বিভাগ)/বাপবিবো'র বৈদ্যুতিক বিতরণ ব্যবস্থার আধুনিকায়ন ও ক্ষমতাবর্ধন (খুলনা বিভাগ), বাপবিবো, ঢাকা।
- ০৫। অতিরিক্ত প্রধান প্রকৌশলী (পরিকল্পনা ও ডিজাইন/পরিচালন, রক্ষণাবেক্ষণ ও বিতরণ) এর কার্যালয়, বাপবিবো।
- ০৬। সচিব, বাপবিবো, ঢাকা।
- ০৭। পরিচালক, প্রশিক্ষণ/অর্থ/হিসাব/পবিস ঋণ ও বাজেট/ সংগ্রহ/সিএসএলএম/ এসইএলডি/ এমপিএসএস/পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (কেন্দ্রীয় অঞ্চল)/(উত্তরাঞ্চল)/(দক্ষিণাঞ্চল) /কার্যক্রম পরিকল্পনা/ইন্সপেকশন ও টেস্টিং/অভ্যন্তরীণ নিরীক্ষা/ জনসংযোগ/ ইএলডি/ নবায়নযোগ্য জ্বালানী/পবিস মানব সম্পদ/পবিস তদন্ত ও অনুসন্ধান/লিগ্যাল অ্যাফেয়ার্স/পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন(পূর্বাঞ্চল)/পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (পশ্চিমাঞ্চল) /সম্পত্তি ও লজিস্টিক/পবিস নিরীক্ষা/আর্থিক মনিটরিং (উত্তরাঞ্চল)/(দক্ষিণাঞ্চল)/ সিস্টেম অপারেশন (কেন্দ্রীয় অঞ্চল) পরিদপ্তর, বাপবিবো, ঢাকা।
- ০৮। পরিচালক, প্রশাসন/অর্থ, 1.5 Million Consumer Connection through Rural Electrification Expansion, বাপবিবো, ঢাকা।
- ০৯। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, ঢাকা জোন (উত্তর/দক্ষিণ)/ময়মনসিংহ জোন/রাজশাহী জোন/বগুড়া জোন/রংপুর জোন/যশোর জোন/ফরিদপুর জোন/বরিশাল জোন/সিলেট জোন/কুমিল্লা জোন/চট্টগ্রাম জোন/গ্রীড ও উপকেন্দ্র/এনার্জি অডিট এন্ড ট্যারিফ/পরিবেশ ও সামাজিক ব্যবস্থাপনা/জিআইএস/জেনারেশন/গবেষণা ও উন্নয়ন পরিদপ্তর, বাপবিবো, ঢাকা।
- ১০। সিনিয়র সিস্টেম এনালিস্ট, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি (আইসিটি) পরিদপ্তর, বাপবিবো, ঢাকা।
- ১১। সকল নির্বাহী প্রকৌশলীর (এসওডি) কার্যালয়, বাপবিবো।
- ১২। নির্বাহী প্রকৌশলী, পূর্ত ও রক্ষণাবেক্ষণ বিভাগ/সিস্টেম প্রোটেকশন প্ল্যানিং এন্ড ডিজাইন বিভাগ, বাপবিবো, ঢাকা।
- ১৩। নির্বাহী প্রকৌশলী, সিস্টেম অপারেশন ওয়ার্কশপ, বাপবিবো, খুলনা/চট্টগ্রাম/রাজশাহী।
- ১৪। প্রকল্প পরিচালকের দপ্তর, সৌর বিদ্যুৎ চালিত পাম্পের মাধ্যমে কৃষি সেচ, বাপবিবো, ঢাকা।
- ১৫। একান্ত সচিব, চেয়ারম্যান, বাপবিবো, ঢাকা।
- ১৬। উপ-পরিচালক, সিস্টেম অপারেশন (কেন্দ্রীয় ওয়ার্কশপ), বাপবিবো, সাভার, ঢাকা/কেন্দ্রীয় পণ্যাগার, বাপবিবো, ঢাকা/খুলনা/চট্টগ্রাম।
- ১৭। একান্ত সচিব, সদস্য (প্রশাসন/অর্থ/সমিতি ব্যবস্থাপনা/বিতরণ ও পরিচালন/পরিকল্পনা ও উন্নয়ন), বাপবিবো, ঢাকা।

  
14/12/2021  
(মোঃ আবু বকর সিদ্দিক)  
সহকারী পরিচালক (রেকর্ডস)